দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 25 JUL 1994 ...
পৃষ্ঠা ৮ কলাম ৬

# বাগেরহাটে প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে

বাগেরহাট, ২৪ জুলাই (নিজস্ব সংবাদদাতা) ।- শিক্ষক স্বল্পতা, আসবাবপত্রের অভাব, গৃহের নাজুক অবস্থা বিভিন্ন সমস্যার কারণে বাগেরহাট জেলায় প্রায় এক হাজারের মতো সরকারী, আধাসরকারী ও বেসরকারী প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া ব্যাহত হচ্ছে।

জেলার কচুয়া, রামপাল, চিতলমারী, শরণখোলা, মোংলা, মোড়েলগঞ্জ, মোল্লাহাট ও ফকিরহাটসহ সদর থানার বিভিন্ন অঞ্চলে একটি বেসরকারী পরিসংখ্যানে দেখা গেছে, এসব অঞ্চলে গড়ে ৪/৫ জন শিক্ষকের দ্বারা কোনমতে ৩ থেকে ৪শ' ছাত্র-ছাত্রীর পড়াশুনা পরিচালিত হচ্ছে। অথচ সরকারী হিসাব মতে ৪০৩৯ ছাত্র-ছাত্রীর জন্য প্রয়োজন একজন শিক্ষক।

জেলায় ৯টি থানায় মোট ১০৩৯টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। তন্মধ্যে ৬০২টি সরকারী, ১৮৭টি রেজিস্টার্ড ও ২৫০টি নন-রেজিস্টার্ড। অনেক প্রাথমিক বিদ্যালয় রয়েছে যা দীর্ঘ ৪৫/৪৬ বছরেও সরকারী করণ করা হয়নি।

জেলার প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের সবচেয়ে মারাত্মক সমস্যা হচ্ছে, শিক্ষক ও পাঠ্য বইয়ের। এখানে মোট ২৩৬৭টি প্রধান ও সহকারী শিক্ষকের পদ থাকলেও বিভিন্ন প্রতিষ্ঠানে প্রায় ২৪ ভাগ শিক্ষকের পদ শূন্য রয়েছে। এছাড়া পাঠ্য বইয়ের সংকট রয়েছে। চৈত্র-বৈশাখের ২/৩ মাসের মধ্য ছাত্র-ছাত্রীদের হাতে অনেক বই পৌঁছায়নি। আর বাজারে পাওয়া গেলেও তা চড়া দামে কিনতে হচ্ছে।

সরকারী সর্বজনীন প্রাথমিক শিক্ষা প্রকল্পের অধীনে বিনামূল্যে বিতরণের জন্য সরবরাহকৃত বই কালোবাজারে উচ্চমূল্যে অবাধে বিক্রি হচ্ছে।